

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০০৬.১৭(অহুস-২)-৭৩৫

তারিখ: ০৩/১১/২০১৯ খ্রি:

বিষয়: উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর আওতায় মোট ০৪ (চার)টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে, যা নিম্নরূপ:


উদ্ভাবনী উদ্যোগ/ধারণার শিরোনাম	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রদানকারীর নাম	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার উদ্দেশ্য
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ভিসা ও পাসপোর্ট সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি	মোঃ শওকত আলী যুগ্মসচিব (বহিরাগমন-২ ও বহিরাগমন-৫) সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়	বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ভিসা ও পাসপোর্ট সংশ্লিষ্ট অভিযোগ অনলাইনে গ্রহণ, পর্যালোচনা ও নিষ্পত্তির ব্যবস্থাপনা তৈরি করা যাতে করে নাগরিক সেবা উন্নত করা যায়।
ICRC (International Committee of the Red Cross) কর্তৃক কারাগার পরিদর্শনের নিমিত্ত ছাড়পত্র প্রদানের আবেদন অনলাইনে গ্রহণ এবং ছাড়পত্র অনলাইনে প্রদান	মোঃ মনিরুজ্জামান উপসচিব কারা-১ সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়	ICRC কর্তৃক কারাগার পরিদর্শনের নিমিত্ত ছাড়পত্র প্রদানের আবেদন অনলাইনে গ্রহণ, যথাযথ প্রক্রিয়া শেষে ছাড়পত্র অনলাইনে প্রদান। ICRC কর্তৃপক্ষকে সরাসরি সুরক্ষা সেবা বিভাগে আবেদন জমা দেয়ার জন্য আসার প্রয়োজন হবে না।
অনলাইনে প্রবাসী বাংলাদেশিগণের নাগরিকত্ব/প্রাক পরিচিতি যাচাই এর মাল্টি ইউজার সফটওয়্যার	মনিরা হক সিনিয়র সহকারী সচিব নিরাপত্তা-৪ সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়	প্রবাসী বাংলাদেশিগণের স্বদেশ প্রত্যাবাসন এর নিমিত্ত দূতাবাস সমূহ কর্তৃক ট্রাভেল পারমিট ইস্যুর জন্য নাগরিকত্ব/প্রাক পরিচিতি যাচাই প্রতিবেদন প্রয়োজন হয়ে থাকে। মিশনসমূহ সফটওয়্যারের মাধ্যমে আবেদন এন্ট্রি করে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে অনলাইনে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে। সুরক্ষা সেবা বিভাগ অনলাইনে এন আই ডি/ জন্ম সনদ যাচাই করবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে এস বি এর নিকটে অনলাইনে প্রেরণ করবে। এস বি ও প্রয়োজনীয় তদন্ত কার্যক্রম সমাপনান্তে অনলাইনে রিপোর্ট দাখিল করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে এবং মিশন সমূহ অনলাইনেই সুরক্ষা সেবা বিভাগ এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় প্রতিবেদন পেয়ে যাবে।
সিটিজেন চার্টারের ওয়েব সংস্করণ তৈরিকরণ	মোঃ আইয়ুব হোসেন প্রোগ্রামার আইসিটি সেল সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সিটিজেন চার্টারে সরকারি অফিসের সেবাসমূহের শিরোনাম, সেবা প্রদান পদ্ধতি, প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান, সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগের তথ্য থাকে যা সাধারণত স্ব স্ব অফিসের ওয়েবসাইটে পিডিএফ ফাইল আকারে আপলোড করা হয়। সাধারণ জনগণের সিটিজেন চার্টার সম্পর্কে ধারণা





		থাকে না। আবার অনেকে দীর্ঘ পিডিএফ ফাইল ডাউনলোড বা ব্রাউজারে ওপেন করে পড়তে চায় না। সেবা প্রত্যাশি সরাসরি সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত তথ্য ওয়েব ব্রাউজারে নেভিগেট বা টাচ বা সার্চ করে তথ্য খুঁজে বের করতে পারবেন। এতে করে সেবা প্রত্যাশি সরাসরি সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত তথ্য দ্রুত পাবেন।
--	--	---

০২। বর্ণিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের মধ্যে ন্যূনতম ০১ (এক)টি উদ্যোগ/ধারণা এ বিভাগের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৯-২০ এ উল্লিখিত সময়ের (০১/০৩/২০২০ খ্রি:) মধ্যে ইনোভেশন টিম এবং উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদানকারী কর্মকর্তাগণের সমন্বয়ে বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আলতাফ হোসেন)

উপসচিব

ফোন: ০২-৪৭১২৪৩৩৭

admin1@ssd.gov.bd


অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ) এবং
চিফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ

নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০০৬.১৭ (অঃসঃ-২)-৭৩৬

তারিখ: ০৩/১১/২০১৯ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন/কারা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩. যুগ্মসচিব (বহিরাগমন-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৫. উপসচিব (কারা-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৬. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৭. সিনিয়র সহকারী সচিব (নিরাপত্তা-৪), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৮. প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



(মোঃ আলতাফ হোসেন)

উপসচিব